

3 (Sem-2) BEN MIL

2015

Bijni College Library  
P.O. Bijni, Dist. Chirang  
(B.T.A.D) Assam

BENGALI

( Modern Indian Language )

Full Marks : 60

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) “বেগমের কবর গাঁথছি হুজুর।” উক্তিটি কার ?
- (খ) ‘স্মৃতি’ গল্পে স্টেশন মাস্টারের ছেলের নাম লেখো।
- (গ) বিল্টুর স্ত্রী কে ?
- (ঘ) কৃষ্ণগোবিন্দ দাসের ভাঙা বাড়িতে প্রফুল্ল কী পেয়েছিল ?
- (ঙ) নিশি ব্রজেশ্বরের মুক্তির ‘দর’ হিসাবে কী চেয়েছিল ?
- (চ) “সম্বন্ধ জুটিবে কি ? আমি কৃতদার।” ‘কৃতদার’ শব্দের অর্থ লেখো।
- (ছ) ভূতনাথের ঘাটে কার বজরা এসে ভেড়ার সঙ্গে সঙ্গে গ্রামময় রাষ্ট্র হয়েছিল যে ব্রজেশ্বর আবার একটা বিয়ে করে এনেছে ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “দুইজনে একত্রে আসিল—যেন পূর্ণিমা অমাবস্যার হাত ধরিয়াকে।” এই দুজন কে কে ?
- (খ) “দেবী সম্বন্ধে আমার ভগিনী হয়, পূর্বে জানাশুনা ছিল।” কে, কাকে একথা বলেছেন ?
- (গ) ‘জাগ্রত দেবতা’ গল্পে কোথায় এবং কোন্ দেবতার প্রকাণ্ড উৎসব হবার কথা বলা হয়েছে ?
- (ঘ) ‘স্মৃতি’ গল্পে কে, কাদের ‘রোজ মাংনিত’ চা খাওয়াতেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন তিনটি ) : ৫×৩=১৫

- (ক) ‘জাগ্রত দেবতা’ গল্পে অবলম্বনে সনাতনপুরবাসীদের স্বস্তির নিঃস্বাস ফেলার কারণ কী ছিল, লেখো।
- (খ) “আমার পা কোলে লইয়া চাকরের মতো টিপিয়া দিবে।” কে, কাকে একথা বলেছিলেন তা প্রাসঙ্গিক পরিস্থিতির বিবরণসহ লেখো।
- (গ) “আমরা জাতিভ্রষ্টা কন্যার পাকস্পর্শে জলগ্রহণ করিব না।” প্রাসঙ্গিক ঘটনার বর্ণনা দিয়ে হরবল্লভের পরবর্তী সিদ্ধান্ত কী ছিল তা লেখো।
- (ঘ) ‘স্মৃতি’ গল্পের কাহিনি অনুসরণে স্টেশন-প্ল্যাটফর্মের কোণে চায়ের স্টলটি কীভাবে গড়ে উঠেছিল তার বিবরণ দাও।
- (ঙ) ফুলমণি নাপিতানির পরিচয় উল্লেখ করে উপন্যাসে তার ভূমিকাটি স্পষ্ট করো।

- (ক) “প্রফুল্লকে কেন্দ্র করে সেই যুগের সমাজের চিত্রটি কাহিনির মধ্য দিয়ে প্রকাশ পেলেও বৃহত্তর সামাজিক সমস্যা এ-উপন্যাসে মুখ্যস্থান লাভ করতে পারেনি।” মন্তব্যের সার্থকতা ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের কাহিনি অবলম্বনে বিচার করো।

অথবা

- (খ) “প্রফুল্লর শিক্ষাদাতা দুইজন, ভবানীঠাকুর ও নিশি।” যেভাবে এই ‘দুইজন’ প্রফুল্লকে শিক্ষিত করে তুলেছিলেন তার বিবরণ দাও।
- (গ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের নামকরণ সার্থক হয়েছে কি না, আলোচনা করো।

অথবা

- (ঘ) ব্রজেশ্বরকে ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের নায়ক বলা যায় কী? যুক্তিসহ আলোচনা করো।
- (ঙ) মূল্যবোধের অবক্ষয়জাত ট্র্যাঞ্জিক রস কীভাবে ‘স্মৃতি’ গল্পের কথককে আচ্ছন্ন করেছিল তা কাহিনি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

অথবা

- (চ) নারীরা যে ভারতীয় সমাজ ব্যবস্থায় নিপীড়ন ও অবহেলার শিকার তা কীভাবে ‘নিমগাছ’ অণুগল্পে প্রকাশ পেয়েছে, দেখাও।

\*\*\*